24

দৈনিক ইনকিলাব

তারিখ ... 23 MAR 1997 ...
পৃঃ ৩ কলাম ৪

### রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা

# চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে দু'দফা গোলাগুলী ধাওয়া পাল্টা ধাওয়া

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার (২২ মার্চ) ঃ একটি ওয়াজ মাহফিল ভন্ডুলের জের ধরে গত সন্ধ্যার পর থেকে আজ দুপুর পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলাকায় বিবদমান ছাত্রলীগ ও শিবিরের মধ্যে দু'দফা গোলাগুলী, সংঘর্ষ ও ধাওয়া পাল্টা ধাওয়া হয়েছে। এ ঘটনার প্রতিবাদে আজ ক্যাম্পাসে শিবির সর্বাত্মক ধর্মঘট পালন করেছে। গত সন্ধ্যায় ভার্সিটির ১নং রেলক্রসিং এলাকায় শিবির সমর্থক ফতেপুর জনকল্যাণ সমিতি আয়োজিত ওয়াজ মাহফিল ভন্ডুলের জের ধরে এই ঘটনা ঘটে। গতরাতে সংঘর্ষ চলাকালে ভার্সিটির মাইক্রোবাস (চট্টগ্রাম-জ-০২-১৩৩) ৫ জন শিক্ষক নিয়ে ১নং রেলক্রসিং অতিক্রমকালে একদল দুষ্কৃতকারী কর্তৃক ভাঙচুর, মাইক্রোবাসটির ব্যাপক ক্ষতি এবং আরোহী শিক্ষক ৫ জন লাঞ্ছিত হন বলে প্রক্টর জানান। আজ ধর্মঘট চলাকালে ভার্সিটির রেলস্টেশন থেকে ১নং রেলক্রসিং এলাকার মধ্যে উভয় পক্ষে আবারো সংঘর্ষ, গোলাগুলী ও ধাওয়া পাল্টা ধাওয়া হয়েছে। তবে হতাহতের কোন খবর পাওয়া যায়নি। ধর্মঘটের ফলে ভার্সিটির ভবনসমূহ সম্পূর্ণ বন্ধ ছিল। কর্তৃপক্ষ আজ ও আগামীকালের পরীক্ষাসমূহ পিছিয়ে দিয়েছেন। আজ সন্ধ্যায় এ রিপোর্ট লেখা পর্যন্ত শিবির ভার্সিটি রেলস্টেশন ও ছাত্রলীগ রেলক্রসিং এলাকায় অবস্থান করছে। পরিস্থিতি থমথমে। যে কোন মুহূর্তে রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা রয়েছে। মাইক্রোবাস ভাঙচুর ও শিক্ষক লাঞ্ছনার ঘটনায় ভার্সিটি কর্তৃপক্ষ হাটহাজারী থানায় মামলা করেছে। পরিস্থিতির ব্যাপারে প্রোভিসি ডঃ আবু ইউসুফ আজ বিকেলে ভার্সিটির সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ও প্রশাসনিক কর্মকর্তাদের নিয়ে বৈঠকে বসেছেন।